

প্রথম আলো

‘ইন-জিনিয়াস’ প্রতিযোগিতায় যুক্ত হলো ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক

নিজস্ব প্রতিবেদক



ইউএপির উপাচার্য অধ্যাপক কামরুল আহসান এবং প্রথম আলোর ব্যবস্থাপনা সম্পাদক আনিসুল হক নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে সই করেন। ঢাকা, ২৪ জানুয়ারি ছবি: শুভ্র কান্তি দাশ

দেশের শীর্ষস্থানীয় ইস্পাত উৎপাদনকারী প্রতিষ্ঠান জিপিএইচ ইস্পাত ও প্রথম আলো যৌথভাবে দ্বিতীয়বারের মতো শুরু করতে যাচ্ছে ‘জিপিএইচ ইস্পাত-প্রথম আলো ইন-জিনিয়াস’। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের শিক্ষার্থীদের আন্তর্জাতিক কাঠামো প্রকৌশলের সঙ্গে পরিচয় করিয়ে দেওয়া এবং ডিজাইন দক্ষতা বাড়ানোর উদ্দেশ্যে স্ট্রাকচারাল ডিজাইন প্রতিযোগিতা ‘ইন-জিনিয়াস’ নামের এই আয়োজন। এ আয়োজনে একাডেমিক পার্টনার হিসেবে যুক্ত হয়েছে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (ইউএপি)।

জিপিএইচ ইস্পাত এবং প্রথম আলো যৌথভাবে দ্বিতীয়বারের মতো শুরু করতে যাচ্ছে জিপিএইচ ইস্পাত-প্রথম আলো ইন-জিনিয়াস’

এ কার্যক্রমের জন্য আজ বুধবার বিকেলে ইউএপির উপাচার্য অধ্যাপক কামরুল আহসান এবং প্রথম আলোর ব্যবস্থাপনা সম্পাদক আনিসুল হক নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে সমঝোতা স্মারকে সই করেন।



অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ইউএপির উপ-উপাচার্য অধ্যাপক মো. সুলতান মাহমুদ, রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল (অব.) এ কে এম নজরুল ইসলাম, স্কুল অব ইঞ্জিনিয়ারিংয়ের ডিন মুহাম্মদ মিজানুর রহমান, পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক নেহরীন মাজেদ, সহকারী অধ্যাপক মো. ছাব্বির রহমান, সহকারী জনসংযোগ কর্মকর্তা সাদিক হাসান এবং প্রথম আলোর ডিজিটাল ট্রান্সফরমেশন ও যুব কার্যক্রমের প্রধান সমন্বয়কারী মুনির হাসান, বিজ্ঞাপন বিভাগের উপব্যবস্থাপক মনেশ

অধিকারী, যুব কার্যক্রম বিভাগের সহকারী ব্যবস্থাপক মো. বায়েজিদ ভূঁইয়া এবং ইন-জিনিয়াস প্রতিযোগিতার সমন্বয়ক মো. নূরুজ্জামান নাদিম।

আয়োজকেরা জানান, এই আয়োজনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের তৃতীয় ও চতুর্থ বর্ষ এবং সদ্য স্নাতক শেষ করা শিক্ষার্থীরা দলীয়ভাবে অংশ নিতে পারবেন। কয়েকটি ধাপে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রথম পর্যায়ের নির্বাচিত দলগুলোকে নিয়ে ধাপে ধাপে গ্রুপিংয়ের মাধ্যমে চূড়ান্ত পর্বে বিজয়ী তিনটি দলকে পুরস্কৃত করা হবে।